

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন-০২ (সেবা)
www.moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৬২.১২.০১২.২০০৭-১০০৬

তারিখ : ১৮ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ
০২ জুলাই ২০১৭ খ্রিষ্টাব্দ

পরিপত্র

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও এর অধীন দপ্তর/সংস্থাসমূহের মধ্যে পত্র আদান-প্রদানে কোন কোন ক্ষেত্রে অহেতুক বিলম্বের কারণে কার্যনিপ্পত্তিতে দীর্ঘসূত্রিতার সৃষ্টি হয়। ফলে সেবাহীতার ভোগান্তি বৃদ্ধি পায়। এরূপ ভোগান্তি নিরসনে নিম্নোক্তভাবে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো:

- ১.১ ঢাকাস্থ দপ্তরসমূহের বার্তাবাহক পত্র ইস্যুর তারিখের অনধিক ১ (এক) দিনের মধ্যে চিঠিপত্র এ বিভাগের গ্রহণ ও প্রেরণ শাখায় জমা করবে।
 - ১.২ দপ্তর/সংস্থাসমূহ প্রেরিত রুটিন পত্রাদি (যথা: ছুটি, পেনশন ইত্যাদি) সংশ্লিষ্ট অধিশাখা/শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ সহকারে প্রেরণ করবে। পত্রের গুরুত্ব অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এ বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করবেন;
 - ১.৩ এ বিভাগের গ্রহণ ও প্রেরণ শাখা রুটিন পত্রাদি সংশ্লিষ্ট অধিশাখা/শাখায় প্রেরণ করবে;
 - ১.৪ এ বিভাগ হতে ইস্যুকৃত চিঠিপত্র সংস্থার গ্রহণ ও প্রেরণ শাখায় সরবরাহ করা হবে এবং উক্ত শাখা সংস্থার সংশ্লিষ্ট শাখায় তা প্রেরণ করবে;
 - ১.৫ এ বিভাগের প্রত্যেকটি শাখা/অধিশাখা পত্রপ্রাপ্তির পর সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুসরণে তা ডাক রেজিস্ট্রারে এন্ট্রি করবে এবং পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে। এন্ট্রিযোগ্য পত্রাদি কোনভাবেই এন্ট্রি করা ছাড়া নথিতে পেশ করা যাবে না।
 - ১.৬ বিভাগ ও সংস্থার দায়িত্বপ্রাপ্ত শাখা কর্মকর্তা প্রতিমাসে ন্যূনতম ১ (এক) বার গ্রহণ ও প্রেরণ শাখা পরিদর্শন করবেন এবং প্রতিবেদন দাখিল করবেন।
- ২। উল্লিখিত বিষয়সমূহ যথাযথভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ শামসুল আলম)

সহকারী সচিব (সেবা)

ফোন : ৯৫৫৮৫৫১

email:as.admin2@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৪. মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা।
৫. সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, আগারগাঁও, ঢাকা।
৬. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), নায়েম ক্যাম্পাস, নিউমার্কেট, ঢাকা।
৭. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৮. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী(নায়েম), নিউমার্কেট, ঢাকা।
৯. পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী-নীলক্ষেত, ঢাকা।
১০. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/যশোর/কুমিল্লা/রাজশাহী/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/ দিনাজপুর।
১৩. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা।
১৪. সচিব, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বি.এন.সি.ইউ), পলাশী-নীলক্ষেত, ঢাকা।
১৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭. মহাসচিব, বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশন, গাইড হাউস, নিউ বেইলী রোড, ঢাকা।
১৮. নির্বাহী সচিব, বাংলাদেশ স্কাউটস, ৭০/১ ইনার সার্কুলার রোড, কাকরাইল, ঢাকা।